

## 🗏 আন-নাজম | An-Najm | النَّجْم

আয়াতঃ ৫৩: ৫৬

আরবি মূল আয়াত:

## هٰذَا نَذِيرٌ مِّنَ النُّذُرِ الأُولَى ﴿٥٥﴾

## 🗚 অনুবাদসমূহ:

অতীত সতর্ককারীদের মত এই নবীও একজন সতর্ককারী। — আল-বায়ান অতীতের সতর্ককারীদের মত এ (নবীও) একজন সতর্ককারী। — তাইসিরুল অতীতের সতর্ককারীদের ন্যায় এই নাবীও এক সতর্ককারী; — মুজিবুর রহমান

This [Prophet] is a warner like the former warners. — Sahih International

## ৫৬. এ নবীও(১) অতীতের সতর্ককারীদের মতই এক সতর্ককারী।

(১) ।এ৯ শব্দ দারা রাস্লুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম অথবা কুরআনের প্রতি ইশারা হয়েছে। অর্থাৎ ইনি অথবা এই কুরআনও পূর্ববর্তী নবী-রাসূলগণ অথবা কিতাবসমূহের ন্যায় আল্লাহর পক্ষ থেকে সতর্ককারীরূপে প্রেরিত। ইনি সরল পথ এবং দ্বীন ও দুনিয়ার সাফল্য সংবলিত নির্দেশাবলি নিয়ে আগমন করেছেন এবং বিরুদ্ধাচরণকারীদেরকে আল্লাহর শাস্তির ভয় দেখান। তাছাড়া এর দ্বারা তৃতীয় আরেকটি অর্থ হতে পারে, তা হচ্ছে, অতীতের ধ্বংসপ্রাপ্ত জাতিসমূহের পরিণতি যা পূর্ববর্তী আয়াতসমূহে বর্ণনা করা হয়েছে, তা তোমাদের জন্য ভীতি প্রদর্শনকারী। [কুরতুবী]

তাফসীরে জাকারিয়া

(৫৬) অতীতের সতর্ককারীদের ন্যায় এও একজন সতর্ককারী।

তাফসীরে আহসানুল বায়ান

• Source — https://www.hadithbd.com/quran/link/?id=4840

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন